গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
www.bholahat.chapainawabganj.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭০১৮.০০০.০৪.০০১.২৫.১২৯

তারিখ: ২২ মাঘ ১৪৩১ / ০৫ ফেব্রুয়ারি ২০২৫

## হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলাধীন নিম্নোক্ত হাট-বাজারসমূহ বাংলা ১৪৩২ বঙ্গাব্দের জন্য ইজারা প্রদানের নিমিত্তে সর্বসাধারণের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহরযুক্ত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রের শর্তসম্বলিত ফরম/সিডিউল দরপত্র দাখিলের জন্য নির্ধারিত তারিখের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) নিম্নোক্ত তালিকায় উল্লিখিত স্থান হতে সংগ্রহ করা যাবে। দরপত্রসমূহ দরপত্র দাখিলের নির্ধারিত দিন নিম্নোক্ত তালিকায় উল্লিখিত স্থানে রক্ষিত টেন্ডার বাক্সে ফেলা যাবে।

নিম্নবর্ণিত সময়সূচি মোতাবেক ১ম দফায় যে সমস্ত হাট-বাজারের দরপত্র গৃহীত হবে না, ২য় দফায় শুধু মাত্র সে সমস্ত হাট-বাজারের দরপত্র গ্রহণ করা হবে। ২য় দফায় যে সমস্ত হাট-বাজারের দরপত্র গৃহীত হবে না, ৩য় দফায় শুধু মাত্র সে সমস্ত হাট-বাজারের দরপত্র গ্রহণ করা হবে। একই ভাবে ৪র্থ দফা পর্যন্ত দরপত্র গ্রহণ করা হবে। এ জন্য আলাদাভাবে কোন বিজ্ঞপ্তি জারি করা হবে না। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**দরপত্র ক্রয়, ফেলার স্থান ও সময়ের তালিকা:**

| দফা | যে সব স্থানে দরপত্র পাওয়া যাবে | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ | যে সব স্থানে দরপত্র ফেলা যাবে | দরপত্র খোলার সময় |
|---|---|---|---|---|---|
| ১ম | ১) জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ,<br>২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভোলাহাট<br>৩) উপজেলা ভূমি অফিস, ভোলাহাট<br>৪) সোনালি ব্যাংক, ভোলাহাট শাখা<br>৫) ভোলাহাট থানা (পুলিশ স্টেশন) | ২৫.০২.২০২৫ খ্রি. বিকাল ৪.০০ পর্যন্ত | ২৬.০২.২০২৫ খ্রি. সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | ১) জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ<br>২) পুলিশ সুপারের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ<br>৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভোলাহাট<br>৪) উপজেলা ভূমি অফিস, ভোলাহাট | ২৬.০২.২০২৫ খ্রি. বিকাল ৩.৩০ ঘটিকা |
| ২য় | | ১৮.০৩.২০২৫ খ্রি. বিকাল ৪.০০ পর্যন্ত | ১৯.০৩.২০২৫ খ্রি. সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | | ১৯.০৩.২০২৫ খ্রি. বিকাল ৩.৩০ ঘটিকা |
| ৩য় | | ০৮.০৪.২০২৫ খ্রি. বিকাল ৪.০০ পর্যন্ত | ০৯.০৪.২০২৫ খ্রি. সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | | ০৯.০৪.২০২৫ খ্রি. বিকাল ৩.৩০ ঘটিকা |
| ৪র্থ | | ২২.০৪.২০২৫ খ্রি. বিকাল ৪.০০ পর্যন্ত | ২৩.০৪.২০২৫ খ্রি. সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | | ২৩.০৪.২০২৫ খ্রি. বিকাল ৩.৩০ ঘটিকা |

**১৪৩২ বঙ্গাব্দে ইজারাযোগ্য হাট-বাজারের তালিকা:**

| ক্রম | হাট বাজারের নাম | ১৪৩২ বঙ্গাব্দের সম্ভাব্য সরকারি মূল্য | ফরম/সিডিউলের মূল্য |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৮ | |
| ০১ | গোহালবাড়ী হাট | ৫৪,৯৯,৯৭৩/- | ১১,৬০০/- |
| ০২ | মেডিকেল মোড় বাজার | ৮,৬০,৭৮৩/- | ২,৪০০/- |
| ০৩ | বড়গাছি হাট | ৫,০৯,২২৪/- | ১,৮০০/- |
| ০৪ | ফুটানীবাজার | ২,৬৭,৮৪৭/- | ১,২০০/- |
| ০৫ | ইমামনগর বাজার | ১,৮১,৫৭৮/- | ১,০০০/- |
| ০৬ | ভোলাহাট বাসস্ট্যান্ড বাজার | ১,৪১,৩৪৩/- | ১,০০০/- |
| ০৭ | সুরানপুর বাজার | ৬৩,৭৪৫/- | ৫০০/- |
| ০৮ | মুন্সিগঞ্জ হাট | ৬৫,৫৪৩/- | ৫০০/- |
| ০৯ | কানারহাট | ৬৫,০২৩/- | ৫০০/- |
| ১০ | মুশরীভূজা বাজার | ৭১,৭২৮/- | ৫০০/- |
| ১১ | খালেআলমপুর | ১৪,৫০১/- | ৫০০/- |
| ১২ | পীরগাছি হাট | ৮,৪৯১/- | ৫০০/- |

০৫/০২/২০২৫

(নিশাত আনজুম অনন্যা)
উপজেলা নির্বাহী অফিসার (অ:দা:)
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
মোবাইল: ০১৩১৮-৩২০১৪১
ই-মেইল : unobholahat@mopa.gov.bd

## ১৪৩২ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী:

০১। বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ১৪৩২ সনের ৩০শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে উল্লিখিত দরের ৩০%(শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ভোলাহাট এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে, অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট/বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবে।

০৮। প্রত্যেক বাজারের পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবে না। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানতসহ অন্যান্য টাকা বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকা মাত্র নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

05/02/2025

**(নিশাত আনজুম অনন্যা)**
উপজেলা নির্বাহী অফিসার (অ:দা:)
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
মোবাইল: ০১৩১৮-৩২০১৪১
ই-মেইল: unobholahat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
www.bholahat.chapainawabganj.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭০১৮.০০০.০৪.০০১.২৫.১২৯(১২০) তারিখ: ২২ মাঘ ১৪৩১ / ০৫ ফেব্রুয়ারি ২০২৫

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০২। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ (নির্ধারিত তারিখে মহোদয়ের কার্যালয়ে একটি টেন্ডার বাক্স রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো)
০৩। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ (নির্ধারিত তারিখে মহোদয়ের কার্যালয়ে একটি টেন্ডার বাক্স রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো)
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ
০৫। সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ
০৬। নির্বাহী প্রকৌশলী, এল.জি.ই.ডি, চাঁপাইনবাবগঞ্জ
০৭। প্রশাসক, উপজেলা পরিষদ, ভোলাহাট/চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
০৮। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
০৯। সহকারী কমিশনার (ভূমি), ভোলাহাট চাঁপাইনবাবগঞ্জ (তাকে নির্ধারিত তারিখে তার কার্যালয়ে একটি দরপত্র বাক্স রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
১০। সহকারী কমিশনার (ভূমি), চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/গোমস্তাপুর/নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
১১। প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ/শিবগঞ্জ/রহনপুর/নাচোল পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ
১২। জেলা তথ্য অফিসার, চাঁপাইনবাবগঞ্জ
১৩। উপজেলা---------------------------------------অফিসার (সকল), ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।
১৪। অফিসার ইন-চার্জ (সকল) ------------------------------থানা, চাঁপাইনবাবগঞ্জ
১৫। সাব-রেজিস্ট্রার (সকল) ----------------------------, চাঁপাইনবাবগঞ্জ
১৬। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ অধিদপ্তর, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ(তাকে উপজেলা ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৭। চেয়ারম্যান, ভোলাহাট/গোহালবাড়ী/দলদলী/জামবাড়ীয়া ইউপি, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
১৮। স্টেশন মাস্টার, নাচোল/রহনপুর/চাঁপাইনবাবগঞ্জ রেলওয়ে স্টেশন
১৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ভোলাহাট/গোহালবাড়ী/দলদলী/জামবাড়ীয়া ইউনিয়ন ভূমি অফিস। (তাকে বিজ্ঞপ্তিটি স্থানীয় হাট-বাজারে ঢোল শহরতের মাধ্যমে বহুল প্রচার করত: নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রচারের প্রতিবেদন দাখিলের জন্য বলা হলো।)
২০। সভাপতি/সম্পাদক, ---------------------------------------------------------- তাকে বিজ্ঞপ্তিটি আগামী---------------খ্রি. তারিখের মধ্যে অতি স্বল্প পরিসরে ৩ কলাম ১০" আকারে একদিন মাত্র তার পত্রিকার ভিতরের পাতায় প্রকাশ করে বিজ্ঞপ্তির কপিসহ বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
২১। জনাব-------------------------------------------------পিতা---------------------------------গ্রাম:-------------------------
ডাক:------------------------------------------উপজেলা:------------------------------------------জেলা:-----------------------------
২২। এই অফিসের নোটিশ বোর্ড।

০৫/০২/২০২৫

**(নিশাত আনজুম অনন্যা)**
উপজেলা নির্বাহী অফিসার (অ:দা:)
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
মোবাইল: ০১৩১৮-৩২০১৪১
ই-মেইল : unobholahat@mopa.gov.bd